"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও সাশ্রয়ী অভিবাসন নিশ্চিত করে" ISO 9001 : 2015
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়েমেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত - ১৯৮৪

# বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে ব্রুনাই-এ পুরুষ কর্মী নিয়োগ

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০৩৬.২৪/ ১৭৬০ তারিখ: ২৬.০৭.২০২৫

বোয়েসেল-এর মাধ্যমে ব্রুনাই-এর বিভিন্ন কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগ করা হবে:

| কোম্পানির নাম | পদের নাম ও সংখ্যা | বেতন/মজুরি | বয়স | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| Parm Sdn Bhd | General Labour-(40) | প্রতিদিন ২০ BND/ =১৬০০/- টাকা। | বয়স ২০-৪৫ বছরের মধ্যে হতে হবে। | প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**চাকুরীর শর্তাবলী:**

- শ্রম চুক্তি : ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য
- কর্মঘন্টা: দৈনিক ৮ ঘন্টা ডিউটি;
- থাকা: কোম্পানি বহন করবে;
- খাওয়া: কর্মীকে বহন করতে হবে;
- বিমান ভাড়া: নিয়োগকর্তা বহন করবে;
- মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধাদি ব্রুনাই-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য তথ্য:**

- আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর প্রদত্ত লিংকে আগামী ২৭.০৭.২০২৫ তারিখ রবিবার বিকেল ৫:০০ ঘটিকার মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনকারী প্রার্থীদের তথ্য যাচাই বাছাই করে প্রাথমিকভাবে পরীক্ষার জন্য তালিকা প্রস্তুত করা হবে। কোম্পানির প্রতিনিধি কর্তৃক প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে;
- অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
- ইন্টারভিউ-এর সময় প্রার্থীদের ইংরেজি জীবন বৃত্তান্ত, মূল পাসপোর্ট ও অভিজ্ঞতার সনদ সঙ্গে আনতে হবে।
- নিয়োগকর্তা/ প্রতিনিধি কর্তৃক নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ এবং ভ্যাট, এআইটি, বীমা, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদি আনুষাঙ্গিক ব্যয়সহ =৪৪,৮৫০/- (চুয়াল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার করতে হবে। "বোয়েসেল, ঢাকা" নামে সোনালী ব্যাংক, মগবাজার শাখায় পে অর্ডার করে ভিসা হওয়ার পর বোয়েসেল অফিসে মূল কপি জমা করতে হবে। ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে;
- আবেদন লিংক: brms.boesl.gov.bd;
- বোয়েসেল কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- অনলাইনে আবেদন কোন প্রার্থীর চাকুরির নিশ্চয়তা প্রদান করে না;
- জরুরী যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮;
- কর্মীদের অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ বিকাশ ০১৭৬৫৪১১৬৫৩ নম্বরে ১০০ টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন করতে হবে।
- যুদ্ধ বিগ্রহ, প্রাকৃতিক বিপর্যয় ও মহামারীর কারণে মধ্যপ্রাচ্য, সিরিয়াসহ বিভিন্ন দেশ হতে বাধ্যতামূলকভাবে ফেরত আসা কর্মীগণ পুনরায় বিদেশ গমণে আগ্রহী হলে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার দেওয়া হবে।
- ইংরেজী ও মালয় (মালয়েশিয়া) ভাষা জানা প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

২৬.৭.২৫

**বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন অর্থ প্রদান করবেন না।**
**বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/সাব এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।**

**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd